বিবিআর/অ্যাডমিন/পিআর-৪৬১/ ১৫ ই আগস্ট ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

**ব্রাজিলের সর্বাধিক প্রচারিত পত্রিকা "দ্যা ফোলিয়া" জাতির পিতার সম্মানে প্রকাশ করল 'বঙ্গবন্ধুর কালোত্তীর্ণ মানবতার জয়গান' শীর্ষক প্রবন্ধঃ ব্রাজিল ও প্যারাগুয়েতে একযোগে পালিত হল জাতীয় শোক দিবস-২০২৩**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২৩ স্মরণে রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মানবতাবাদী, অসাম্প্রদায়িক ও সংগ্রামী রাজনৈতিক জীবন নিয়ে রচিত একটি প্রবন্ধ ব্রাজিলের সর্বাধিক প্রচারিত পত্রিকা "দ্যা ফোলিয়া"তে ১৫ আগস্ট ২০২৩ তারিখে ব্রাজিলিয়ান পর্তুগীজ ভাষায় অনুদিত হয়ে প্রকাশিত হয়েছে। উল্লেখ্য এই প্রথম বাঙালির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধুর সম্মানে কোন পর্তুগীজ পত্রিকায় এধরনের প্রবন্ধ প্রকাশিত হল যার মাধ্যমে বাংলাদেশ থেকে ১৬ হাজার কিলোমিটার দূরে দক্ষিণ আমেরিকার ব্রাজিলিয়ান পর্তুগীজ ভাষাভাষী অগণিত মানুষের বাঙালীর প্রাণের নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে বিশদভাবে জানার সুযোগ তৈরি হয়েছে।

দক্ষিণ আমেরিকাতে বাংলাদেশের একমাত্র দূতাবাসের উদ্যোগে ১৫ আগস্ট ২০২৩ তারিখে বিনম্র শ্রদ্ধায় একযোগে ব্রাজিল এবং প্যারাগুয়েতে জাতীয় শোক দিবস-২০২৩ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী পালিত হয়েছে। দিবসের শুরুতেই জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা অর্ধনমিত করার মাধ্যমে ব্রাসিলিয়াস্থ বাংলাদেশ দূতাবাসে জাতীয় শোক দিবস-২০২৩ পালন কর্মসূচীর সূচনা হয়। ১৯৭৫ সালের ১৫ আগষ্ট কালরাতে বাঙালী জাতির ইতিহাসের জঘন্যতম হত্যাকাণ্ডে শাহাদাত বরণকারী সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ পরিবারের সকল শহিদ সদস্যদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয় এবং জাতির পিতার প্রতিকৃতিতে বাংলাদেশ দূতাবাসের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। জাতীয় শোক দিবস-২০২৩ ও জাতির পিতার ৪৮তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে প্রেরিত রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। শোক দিবস উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত একটি বিশেষ তথ্যচিত্র প্রদর্শিত হয় এবং বিশেষ মোনাজাত করা হয়।

১৫ আগস্ট অপরাহ্ণে প্যারাগুয়ের সমবর্তী দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশের রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসার সভাপতিত্বে প্যারাগুয়ের সিউদাদ এল এসতে শহরে বসবাসরত শতাধিক বাংলাদেশী নাগরিকদের অংশগ্রহণে বাংলাদেশ দূতাবাস পৃথক এক শোকসভার আয়োজন করে। উল্লেখ্য, এই প্রথম প্যারাগুয়েতে বাংলাদেশ কম্যুনিটিকে সাথে নিয়ে জাতীয় শোক দিবস পালন করা হয়। সিউদাদ এল এসতে শহরে বসবাসরত বাংলাদেশের নাগরিকগণ জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষ্যে দূতাবাসের এই আয়োজনে স্বতঃস্ফূর্ত ভাবে অংশগ্রহণ করেন। বাংলাদেশ ও প্যারাগুয়ের জাতীয় সংগীত এবং কোরআন তিলওয়াতের মাধ্যমে এই সভার কর্মসূচী শুরু হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মান্যবর রাষ্ট্রদূত পুষ্পস্তবক অর্পণ করেন এবং প্রবাসী বাংলাদেশীদের পক্ষ থেকে একটি পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বঙ্গবন্ধু শেখ

মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের সকল শহিদ সদস্যদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে উপস্থিত সকলে এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে শ্রদ্ধা প্রদর্শন করেন।

মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে স্বাধীনতাবিরোধী ষড়যন্ত্রকারীদের নির্মম বুলেটের আঘাতে শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের সকল শহিদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। বাংলাদেশ নামের স্বাধীন সার্বভৌম দেশ উপহার দেবার জন্য বঙ্গবন্ধুকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন এবং একটি অসাম্প্রদায়িক, ক্ষুধা-দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠনে স্বাধীনতার অব্যবহিত পরেই যুদ্ধ-বিধ্বস্ত বাংলাদেশকে গড়ে তোলার জন্য বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষপের প্রশংসা করে বলেন মাত্র সাড়ে তিন বছরে বঙ্গবন্ধু বাংলাদেশকে বিশ্বাঙ্গনে একটি সম্মানিত জাতি হিসেবে প্রতিষ্ঠিত করেন। তিনি বলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শুধু বাংলাদেশের নন, তিনি সকল শোষিত মানুষের নেতা। স্বাধীনতা বিরোধী ঘাতকচক্র বঙ্গবন্ধুকে হত্যা করলেও বংগবন্ধুর স্বপ্ন ও আদর্শের মৃত্যু হয়নি। তিনি বঙ্গবন্ধুর পলাতক খুনীদের প্রত্যেকের সাজা কার্যকর করার জোর দাবি জানান।

বাংলাদেশের সাম্প্রতিক আর্থসামাজিক উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বকে স্মরণ করে সরকারের ধারাবাহিক সাফল্য তুলে ধরেন। শোককে শক্তিতে পরিণত করার প্রতিশ্রুতি ব্যক্ত করে রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও ন্যায়ভিত্তিক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে আরো বেশী নিবেদিত হয়ে সকলকে নিজ নিজ অবস্থান থেকে বিশেষত নতুন প্রজন্মকে নিরলসভাবে কাজ করে যাওয়ার আহবান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী সিদ্ধান্ত ও কর্মগুণে নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন মোকাবেলার মতো বৈশ্বিক প্রেক্ষাপটে বাংলাদেশ আজ নেতৃস্থানীয় পর্যায়ে আসীন ও উন্নয়নের রোল মডেল। বঙ্গবন্ধুর নির্দেশিত পথ ধরে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে জ্ঞান ও প্রযুক্তি নির্ভর "স্মার্ট বাংলাদেশ" বিনির্মাণে নিরলস কাজ করে যাচ্ছেন।

রাষ্ট্রদূত ফয়জুননেসা প্রবাসী বাংলাদেশীদেরকে দেশের ভাবমূর্তি রক্ষার রাষ্ট্রদূত হিসেবে উল্লেখ করেন। স্ব-স্ব ক্ষেত্রে প্রত্যেকেই যেন স্থানীয় আইনকানুন মেনে বৈধ পথে জীবিকা উপার্জন করেন এবং বৈধ উপায়ে দেশে রেমিট্যান্স প্রেরণ করেন সেজন্য অনুরোধ জানান রাষ্ট্রদূত। তিনি প্যারাগুয়েতে বসবাসরত নতুন প্রজন্মকে পরিশ্রমী, আত্মবিশ্বাসী ও বঙ্গবন্ধুর আদর্শে আত্মপ্রত্যয়ী হওয়ার আহ্বান জানান এবং বাঙালির গর্ব মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জেনে ভবিষ্যতের উন্নত বাংলাদেশকে নেতৃত্ব দেয়ার উপযোগী করে নিজেকে গড়ে তোলার আহ্বান জানান।

উল্লেখ্য, পুরো আগষ্ট মাসব্যাপী ব্রাসিলিয়াস্থ বাংলাদেশ দূতাবাসে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের বিভিন্ন আলোকচিত্র এবং ভিডিও চিত্র প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

১৫ আগষ্টের নির্মম হত্যাকান্ডে নিহত বঙ্গবন্ধু পরিবারের সকল শহীদ ও মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনার মাধ্যমে জাতীয় শোক দিবস-২০২৩ পালন কর্মসূচি সমাপ্ত হয়।

---